

FARUQUE HASSAN  
PRESIDENT

বিজিএ/কাস/২০২২/৮৫

তারিখঃ ২৮/০৪/২০২২ইং

### সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ চলতি মূলধন ঋণসীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে উৎপাদন কার্যক্রম চলমান রাখা এবং আমদানি-রপ্তানিসহ দেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ডের গতিশীলতা বজায় রাখার স্বার্থে ব্যাংক কর্তৃক ঋণগ্রহীতাদের অনুকূলে ইতোমধ্যে মঞ্জুরীকৃত চলতি মূলধন ঋণ সীমা প্রয়োজনের নিরিখে অন্তর্বর্তীকালীন সময়ের জন্য ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে গ্রাহকের আর্থিক সক্ষমতা যাচাইপূর্বক যৌক্তিক পর্যায়ে বৃদ্ধি করার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক সকল তফসিলি ব্যাংকের অনুকূলে সার্কুলার জারী করা হয়েছে।

প্রয়োজনীয় কার্যার্থে, এ বিষয়ে জারীকৃত বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখঃ ২৭/০৪/২০২২ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান  
সভাপতি



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার নং-০৭

২৭ এপ্রিল ২০২২  
তারিখঃ -----  
১৪ বৈশাখ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

চলতি মূলধন ঋণ সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

সাম্প্রতিক বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপটে আন্তর্জাতিক বাজারে কাঁচামালসহ বিভিন্ন উপকরণের মূল্য বৃদ্ধি এবং পরিবহন ব্যয় বৃদ্ধি পাওয়ায় উৎপাদন ব্যয় বৃদ্ধি পাচ্ছে। ফলে ঋণগ্রহীতাগণের অনুকূলে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক ইতোমধ্যে মঞ্জুরীকৃত চলতি মূলধন ঋণ সীমার সর্বোচ্চ ব্যবহার সত্ত্বেও চাহিদা মোতাবেক প্রয়োজনীয় কাঁচামালের মূল্য পরিশোধসহ উৎপাদন কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হচ্ছেনা, যার ফলে উৎপাদন প্রক্রিয়া বাধাগ্রস্ত হচ্ছে। ফলশ্রুতিতে আমদানি-রপ্তানিসহ চলমান অর্থনৈতিক কর্মকাণ্ডের গতিশীলতা ব্যাহত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে, উৎপাদন কার্যক্রম চলমান রাখা এবং আমদানি-রপ্তানিসহ দেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ডের গতিশীলতা বজায় রাখার স্বার্থে ব্যাংক কর্তৃক ঋণগ্রহীতাদের অনুকূলে ইতোমধ্যে মঞ্জুরীকৃত চলতি মূলধন ঋণ সীমা প্রয়োজনের নিরিখে অন্তর্বর্তীকালীন সময়ের জন্য ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ ঝুঁকি নিরসন/হাস করে এবং গ্রাহকের আর্থিক সক্ষমতা যাচাইপূর্বক যৌক্তিক পর্যায়ে বৃদ্ধি করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০২৫২